সংবাদ

তারিখ 19 AUG 2015
পৃষ্ঠা ২ কলাম ২

দুষ্টুমির শাস্তি

# ছাত্রের কান ছিঁড়ে দিলেন শিক্ষক

প্রতিনিধি, আদমদীঘি (বগুড়া)

দুষ্টুমি করার অপরাধের শাস্তি হিসেবে এক পাষণ্ড শিক্ষক কান ছিঁড়ে দিলেন দ্বিতীয় শ্রেণীর দুই ছাত্রের। এর মধ্যে গুরুতর আহত এক ছাত্রকে আদমদীঘি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এ ব্যাপারে ছাত্রের : পৃষ্ঠা : ১৫ ক : ৩

## ছাত্রের : কান

(১ম পৃষ্ঠার পর)

আদমদীঘি থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনাটি ঘটেছে বগুড়ার আদমদীঘি উপজেলার সান্তাহার পৌর শহরের ড্যাফোডিল কিনডার গার্ডেন স্কুলে।

জানা গেছে, মঙ্গলবার দুপুরে ওই স্কুলে অঙ্ক ক্লাস চলাকালে রশিদ শাহরিয়ার ও তরুণ নামের দুই ছাত্র দুষ্টুমি করে। এতে ক্ষিপ্ত হয় ক্লাসের শিক্ষক মুরাদ হোসেন। সে ওই দুই ছাত্রের কান ধরে সজোরে টানাটানি করে। এতে করে উভয়ের কানের পেছন দিকে অনেক অংশ ছিঁড়ে গিয়ে রক্ত ঝরতে থাকে। খবর পেয়ে ছাত্র রশিদ শাহরিয়ারের বাবা আদমদীঘি উপজেলা কৃষক লীগের সভাপতি হারুনুর রশিদ সোহেল ছেলেকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

এ বিষয়ে আহত ছাত্র রশিদ শাহরিয়ারের বাবা হারুনুর রশিদ সোহেল সন্ধ্যায় থানায় অভিযোগ দায়ের করেছেন।